**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 12 July 2025** **TIME: 7:35 AM**

---

সরকারের বিভিন্ন বিভাগ ও সংস্থায় নতুন করে নিযুক্তি লাভ করা ৫১ হাজারেরও অধিক যুবক -যুবতীকে আজ রোজগার মেলার মাধ্যমে আনুষ্ঠানিকভাবে নিযুক্তিপত্র প্রদান করা হবে । এ উপলক্ষ্যে ভি ডি ও কনফারেন্সিং ব্যাবস্থার মাধ্যমে আয়োজিত এক অনুষ্ঠানে অংশগ্রহণ করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নিযুক্তিপত্রগুলি বিতরণ করবেন ।

এই অনুষ্ঠানে তিনি নবনিযুক্ত প্রার্থীদের উদ্দেশ্যে ভাষণ দেবেন । উল্লেখ্য নতুন করে নিযুক্তি লাভ করা যুবক-যুবতীদের নিযুক্তিপত্র বিতরণের লক্ষ্যে আজ দেশের ৪৭ টি স্থানে ষোড়শ রোজগার মেলার আয়োজন করা হয়েছে । এই অনুষ্ঠানে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগসমূহে নতুন করে প্রার্থীকে নিযুক্তি দেবার ব্যাবস্থা করা হয়েছে । উত্তর-পূর্ব সীমান্ত রেলের পৃষ্ঠপোষকতায় আজ শিলচর , গৌহাটী , ডিমাপুর এবং শিলিগুড়িতে সকাল সাড়ে ১০ টা থেকে এই রোজগার মেলার আয়োজন করা হয়েছে । উত্তর-পূর্ব সীমান্ত রেলের গৌহাটীর মালিগাঁওয়ে থাকা মূখ্য কার্যালয় রং ভবনে অনুষ্ঠেয় রোজগার মেলায় কেন্দ্রীয় বন্দর , জাহাজ পরিবহন এবং জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল উপস্থিত থাকবেন । ডিমাপুরের টাউন হলে অনুষ্ঠেয় রোজগার মেলায় সংসদীয় পরিক্রমা মন্ত্রী কিরেন রিজিজু

অংশগ্রহণ করবেন । দেশের বিভিন্ন স্থান থেকে নিযুক্তি লাভ করা এই প্রার্থীরা রেল ,স্বরাষ্ট্র পরিক্রমা ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ শ্রম ও নিযুক্তি ,ডাক বিভাগ সহ কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ে যোগদান করবে । সরকারী তথ্য অনুসারে এপর্যন্ত রোজগার মেলার মাধ্যমে ১০ লক্ষেরও অধিক যুবক-যুবতীকে নিযুক্তি দেওয়া হয়েছে । রোজগার মেলার এই ব্যবস্থা কর্ম সংস্থাপন সৃষ্টিকে অগ্রাধিকার প্রদানের জন্য প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি রক্ষার পদক্ষেপ হিসেবে পরিগণিত হয়েছে ।

---

রাজ্যের মূখ্যসচিব ড.রবি কোটা চারদিনের বরাক উপত্যকা সফরসূচীর অঙ্গ হিসেবে আজ হাইলাকান্দি জেলা সফর করে সড়ক নির্মাণ সংস্থা এন এইচ আই ডি সি এলের কাজ এবং জমি অধিগ্রহণ সংক্রান্ত কাজকর্ম খতিয়ে দেখবেন । এরপর বিকেল পাঁচটায় তিনি বিভিন্ন সরকারী বিভাগের পর্যালোচনা বৈঠকে অংশ নেবেন । সন্ধ্যা ছয়টায় মূখ্যসচিব সুশীল সমাজের প্রতিনিধিদের সঙ্গে মিলিত হবেন । আজ হাইলাকান্দিতে রাত কাটিয়ে আগামীকাল সকাল নয়টায় হাইলাকান্দি সার্কিট হাউসের নির্মাণ কাজ খতিয়ে দেখবেন । এরপর তিনি জেলায় ভারত মালা প্রকল্পর এবং সিভিল হাসপাতাল সহ আরো কিছু প্রকল্পের কাজ সরেজমিনে খতিয়ে দেখবেন । আগামীকাল বেলা ১২ টা নাগাদ মূখ্যসচিব ড.রবি কোটা শিলচর আসবেন বলে হাইলাকান্দির তথ্য ও জনসংযোগ বিভাগ থেকে জানানো হয়েছে । উল্লেখ্য মূখ্যসচিব ড.রবি কোটা চারদিনের বরাক উপত্যকা সফরসূচীতে গতকাল বিকেলে শ্রীভূমি জেলায় এসেছেন । সেখানে তিনি বিভিন্ন সরকারী কার্যসূচীতে অংশ নেন ।

---

আসাম সরকারের সাংস্কৃতিক পরিক্রমা বিভাগ ও কাছাড় জেলা প্রশাসনের যৌথ উদ্যোগে গতকাল থেকে গ্রীষ্মকালীন কর্মশালা শুরু হয়েছে । জেলা আয়ুক্ত মৃদুল যাদবের নেতৃত্বে পরিচালিত এই সাংস্কৃতিক কর্মশালা আগামী

২৬ শে জুলাই পর্যন্ত প্রতিদিন সকাল ১০ টা থেকে জেলার বিভিন্ন স্থানে চলবে ।
সাংস্কৃতিক বিষয়ক বিভাগের নির্ধারিত এস ও পি পদ্ধতি ও অতিরিক্ত নির্দেশ অনুযায়ী আয়োজিত এই কর্মশালাগুলি শিলচর ,উধারবন্দ ,লক্ষীপুর , কাটিগড়া ,সোনাই ,ধলাই ও বড়খলা বিধানসভা কেন্দ্রের দুটি করে স্থানে আয়োজন করা হয়েছে । ষষ্ঠ শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণীর শিক্ষার্থীরা এই কর্মশালায় গল্প বলা ,সাংস্কৃতিক ও শিক্ষামূলক কাজকর্ম ,খেলাধূলা ,ফিটনেস রুটিন ,স্বল্পদৈর্ঘ্যের ছবি এবং ভারতের সংবিধান বিষয়ক আলোচনায় অংশ নিচ্ছে ।

---

হাইলাকান্দি জেলার পাঁচটি আঞ্চলিক পঞ্চায়েতের মধ্যে বিজেপি মিত্র জোট চারটি এবং বিরোধী দল কংগ্রেস একটি দখল করেছে । হাইলাকান্দি ,কাটলীছড়া ও দক্ষিণ হাইলাকান্দি আঞ্চলিক পঞ্চায়েত বিজেপি দল সরাসরি গঠন করেছে । অন্যদিকে আলগাপুর আঞ্চলিক পঞ্চায়েত বিজেপির মিত্র দল অসম গণ পরিষদ গঠন করতে সক্ষম হয় । এদিকে লালা আঞ্চলিক পঞ্চায়েত বিরোধী দল কংগ্রেস গঠন করেছে । জেলার অভিভাবক মন্ত্রী কৃষ্ণেন্দু পাল অধিকাংশ আঞ্চলিক পঞ্চায়েত বিজেপি-অগপ মিত্র দলের দখলে যাবার জন্য দলীয় কর্মীদের কৃতজ্ঞতা জানান ।

---

শলচরের ৭২০ টাইকুন্ডো এন্ড ফিটনেস একাডেমীর উদ্যোগে পঞ্চম আন্ত ক্লাব টাইকুন্ডু প্রতিযোগীতা আগামী ১৯শে জুলাই থেকে শুরু হবে । শিলচর সার্কিট হাউস সংলগ্ন একটি ভবনে অনুষ্ঠেয় প্রতিযোগীতায় অংশগ্রহণের জন্য চার থেকে ৫০ বছর বয়সের প্রতিযোগীরা আগামী ১৩ই জুলাই-র মধ্যে নাম নথিভুক্ত করতে পারবেন । প্রতিযোগীতায় রাজ্যের বিভিন্ন জেলা থেকে প্রায় পাঁচশ জন প্রতিযোগী অংশ গ্রহন করবেন ।

---

পালংঘাটের মাতা সংঘের উদ্যোগে আগামী ২৭শে জুলাই থেকে পালংঘাট চৈতন্য চরন জগৎ চন্দ্র উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে ডক্টর শ্যামাপ্রসাদ মূর্খাজী প্রাইজ মানি নক আউট ফুটবল প্রতিযোগীতা শুরু হবে । এবছর প্রতিযোগীতার বিজয়ী দলকে এক লক্ষ টাকা এবং রার্নাস আপ দলকে ৫০ হাজার টাকা সহ ট্রফি প্রদান করা হবে ।